

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.২৩৪.২০১৭- ২৪২১


তারিখঃ ০৩ জুলাই ২০১৭
১৯ আষাঢ় ১৪২৪

বিষয় : রীট পিটিশন নং-৬২১৯/২০১৭, বাদী জনাব শ্রী প্রবোধ দত্ত, পিতা-মৃত- দীনেশ চন্দ্র দত্ত, গ্রাম- কানসাত বাজার, থানা- শিবগঞ্জ, জেলা- চাঁপাইনবাবগঞ্জ -বনাম-সরকার ও অন্যান্য।

চাঁপাইনবাবগঞ্জ জেলার হাট বাজারের (উপজেলা ও পৌরসভা) অনুমোদিত টোল রেইটের শুধু ১৬, ৭২ (গ) ও ৮২ (ক) নং কলামের তালিকা পুনর্নির্ধারণ সংক্রান্ত বাদীর ২৪/০৪/২০১৭ তারিখের আবেদন নিষ্পত্তির দাবীতে রীট পিটিশন নং-৬২১৯/২০১৭ দায়ের করা হয়েছে। মাননীয় আদালত বাদীর ২৪/০৪/২০১৭ তারিখের আবেদন ৩০(ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তির আদেশসহ রুল ইস্যুপূর্বক সচিব মহোদয়সহ বিবাদীগণকে জবাব দাখিলের জন্য নির্দেশ দিয়েছেন। মাননীয় আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মাননীয় আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মোহাম্মদ শফিউল আরিফ)
উপসচিব
ফোন-৯৫৪০১৯৭

জেলা প্রশাসক
চাঁপাইনবাবগঞ্জ।

অবগতি/ কার্যার্থে অনুলিপি :

- ১। উপসচিব (প্রশাসন-২ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি/ মাষ্টার কপি।